



হাবীবুল্লাহ বাহার কলেজ

শান্তিনগর, ঢাকা-১০০০।

স্থাপিত-১৯৬৯

E-mail: hbuc.college@gmail.com

Web: www.hbc.edu.bd

স্মারক নং:.....

তারিখঃ ১১-০৭-২০২০

এতদ্বারা হাবীবুল্লাহ বাহার কলেজের সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সরকার ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা কার্যক্রম সচল করার জন্য প্রত্যেক বিভাগে অনলাইন ক্লাস শুরু করে দেয়া হয়েছে। সকল শিক্ষার্থীদের স্ব স্ব বিভাগের বিভাগীয় প্রধান/শিক্ষকের সাথে যোগাযোগ করে শিক্ষা কার্যক্রমে সংযুক্ত হওয়ার নির্দেশ দেয়া হল। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই মর্মে নোটিশ প্রদান করেছে যে, কলেজে খোলার সাথে সাথেই বিভিন্ন পরীক্ষা শুরু হবে। সুতরাং সংশ্লিষ্ট সকলকে সকল বিষয়ে প্রস্তুত থাকতে হবে। ইতোমধ্যে প্রফেশনাল কোর্স সমূহে যে সকল সেমিষ্টারের ক্লাস প্রায় শেষের দিকে ঐ সেমিষ্টারের জন্য পরবর্তি সেমিষ্টারের কার্যক্রম শুরুর নির্দেশনা প্রদান করা হয়েছে।

টিউশন ফি সংক্রান্ত


হাবীবুল্লাহ বাহার কলেজের শিক্ষার্থীদের জন্য অনলাইন পেমেন্ট সিস্টেম bKash এর মাধ্যমে ফি আদায় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। bKash সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত যথাযথ প্রক্রিয়া অনুসরণ করেই নেয়া হয়েছে। এ ব্যাপারে বিভ্রান্তির কোন সুযোগ নেই। এ বিষয়ে বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা করা সম্পূর্ণ অযাচিত হস্তক্ষেপের সামিল। কলেজ কর্তৃপক্ষ সর্বদাই শিক্ষার্থীদের অধিকারকেই প্রাধান্য দিয়ে আসছে এবং ভবিষ্যতেও দিবে। কলেজ কর্তৃপক্ষ কখনই কোন শিক্ষার্থিকে কোন ধরনের চাপ প্রয়োগ করবে না।

ইতোমধ্যে শিক্ষার্থীদের নিকট ক্ষুদে বার্তার মাধ্যমে তাদের ১২ ডিজিটের আইডি নম্বর পাঠানো হয়েছে। কোন শিক্ষার্থী তাদের ১২ ডিজিটের আইডি নম্বর না পেয়ে থাকলে তার বিভাগীয় শিক্ষকদের সাথে যোগাযোগ করে আইডি সংগ্রহ করার নির্দেশ দেয়া হল। শিক্ষার্থীদের ১২ ডিজিটের আইডি নম্বর bKash এর Reference no হিসেবে ব্যবহার করতে হবে।

কলেজের bKash মার্চেন্ট নম্বর 01744800766

শিক্ষার্থীদের বর্ষওয়ারী বকেয়ার তথ্য তাদের মোবাইলে মেসেজের মাধ্যমে পাঠানো হচ্ছে। বকেয়ার তথ্য পাওয়ার পরই শিক্ষার্থীরা তাদের বকেয়া পরিশোধ করতে পারবে। অনলাইনে ফি পরিশোধের ক্ষেত্রে নির্দিষ্ট পরিমাণ টাকা লিখে পাঠালেই চলবে। যে কোন পরিমাণ অর্থ প্রেরণ করতে পারবে। মাসিক বেতন বা বার্ষিক ফি উল্লেখ করার প্রয়োজন নেই। অটোমেটেড সফটওয়্যারের মাধ্যমে শিক্ষার্থীর মোট বকেয়া হতে পরিশোধিত টাকা কর্তন করে কনফার্মেশন মেসেজ পাঠানো হবে। সুতরাং এ ব্যাপারে কোন অনিয়ম করার সুযোগ নেই এবং কোন ধরনের সন্দেহের অবকাশ নেই। পরিস্থিতি স্বাভাবিক হলে অনলাইনে পেমেন্টের কাগজের রশিদ কলেজে এসে সংগ্রহ করা যাবে।

শিক্ষার্থীদের নিকট প্রেরিত বকেয়ার তথ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে বিভাগীয় শিক্ষকদের মাধ্যমে এ সংক্রান্ত গঠিত কমিটির নিকট হতে সংশোধন করে নেয়া যাবে। সে ক্ষেত্রে অবশ্যই পূর্বের ফি পরিশোধের রশিদ প্রদর্শন করতে হবে।


ড. আব্দুল জব্বার মিয়া
অধ্যক্ষ
হাবীবুল্লাহ বাহার কলেজ।